অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শ্রেণীকক্ষ এবং পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে সেরা হাই স্কুল শিক্ষার্থীদের সাহায্য করার জন্য বিধিমালা স্বাক্ষর করলেন

পিতামাতা ও শিক্ষার্থীদেরকে অ্যাডভান্সড প্লেসমেন্ট কোর্স সুযোগ, সেগুলির লাভ, এবং অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য জেলা কর্তৃক প্রদত্ত সমর্থন সম্পর্কে তথ্য জানানো স্কুল জেলাগুলির জন্য আবশ্যিক করে বিধিমালা (A.514-A/S.5650-A)

যেসব হাই স্কুল এবং স্কুল জেলায় বর্তমানে শিক্ষার্থীদের সরকার বিদ্যমান নেই সেখানে তা স্থাপন করা আবশ্যিক করে বিধিমালা (S.1732/A.6091)

গভর্নর ক্যাথি হোকল আজকে হাই স্কুল শিক্ষার্থীদেরকে শ্রেণীকক্ষের ভেতরে এবং বাইরে উভয় স্থানে সফল হতে সাহায্য করার জন্য বিধিমালা স্বাক্ষর করেছেন। বিধিমালা (A.514-A/S.5650-A) নিশ্চিত করে যাতে পিতামাতা ও শিক্ষার্থীরা কী অ্যাডভান্সড প্লেসমেন্ট কোর্সের সুযোগ রয়েছে, কীভাবে সেখানে নাম লেখানো যাবে, এবং অংশগ্রহণের লাভ সম্পর্কে তথ্য পেতে পারে। বিধিমালা (S.1732/A.6091) হাই স্কুলে বা জেলাভিত্তিক একটি পিয়ার নির্বাচিত শিক্ষার্থীদের সরকার প্রতিষ্ঠা করে, যেখানে বর্তমানে তা নেই। স্কুলে ফেরত যাওয়ার সময় নিউ ইয়র্কের শিক্ষার্থীদের প্রতি এটি গভর্নর হোকলের সর্বশেষ প্রতিশ্রুতি, এটি একটি বৈচিত্র্যময় শিক্ষক কর্মীবাহিনী সম্প্রসারিত ও সমর্থন, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাসসমূহে চাইল্ডকেয়ার সম্প্রসারণ, এবং স্কুল জেলাগুলি ও সমবায় শিক্ষা সেবা বোর্ডে (boards of cooperative educational services, BOCES) কোভিড-19 পরীক্ষা এবং মাস্ক উপলভ্য থাকা নিশ্চিত করতে এই সপ্তাহে হওয়া একাধিক ঘোষণার অনুবর্তী।

"শিক্ষা হলো তরুণ নিউ ইয়র্কবাসীদের জন্য একটি দারুণ সমতা সৃষ্টিকারী," **গভর্নর হোকল বলেন।** "বিধিমালাটি প্রমাণ করে যে আমরা শুধু নীতিমালা পরিবর্তন করছি না, বরং আমরা এমন পরিবেশ তৈরি করছি যেখানে প্রত্যেক পরিবারের কাছে তাদের সন্তানের শিক্ষা যাত্রায় সেরা সমর্থন প্রদানের জ্ঞান থাকে এবং শিক্ষার্থীদের কাছে তাদের নিজেদের শ্রেণীকক্ষের সুযোগের মাধ্যমেই নাগরিক কাজে জড়িত হওয়ার অনুশীলন করার সুযোগ থাকে।"

বিধিমালা (A.514-A/S.5650-A) শিক্ষা আইনকে সংশোধন করে সকল স্কুল জেলা এবং চার্টার স্কুলের জন্য বার্ষিক ভিত্তিতে পিতামাতা ও শিক্ষার্থীদেরকে স্কুলের অ্যাডভান্সড প্লেসমেন্ট (Advanced Placement, AP) কোর্সের উপলভ্যতা ও লাভ সম্পর্কে তথ্য প্রদান আবশ্যিক করে। এমন নোটিশের মধ্যে AP কোর্সে অংশগ্রহণ করার লাভ, জেলা বা চার্টার স্কুল কর্তৃক বর্তমান

এবং পরবর্তী স্কুলবর্ষে প্রদত্ত কোর্সসমূহের একটি বর্ণনা এবং কীভাবে তার জন্য প্রস্তুত ও এতে নাম লেখাতে হয় তা অন্তর্ভুক্ত থাকবে, এবং সেই সাথে AP কোর্সে অংশগ্রহণ করার ব্যয় সম্পর্কিত আর্থিক সহায়তাসহ জেলা বা চার্টার স্কুল কী একাডেমিক ও ননএকাডেমিক সমর্থন প্রদান করে তার একটি বর্ণনা থাকবে। এমন নোটিশ ইলেক্ট্রনিক্যালভাবে বা মেইলের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে এবং জেলা বা চার্টার স্কুলের ওয়েবসাইটে পোস্ট করতে হবে।

স্টেটের সিনেটর জন লিউ বলেন, "আমাদের স্কুলগুলির অ্যাডভান্সড ক্লাসগুলিতে বৈচিত্র্যের অভাব সমাধান করার প্রথম ধাপ হলো প্রত্যেক পরিবার যাতে জানতে পারে তাদের জন্য কী অ্যাডভান্সড কোর্স উপলভ্য আছে এবং কীভাবে তা শিশুর শিক্ষাকে লাভবান করতে পারে তা নিশ্চিত করা। সকল স্কুলের জন্য অ্যাডভান্সড কোর্সওয়ার্ক প্রাপ্য তা উপলব্ধি করার জন্য, এবং প্রত্যেক পরিবার, বিশেষ করে সুবিধাবঞ্চিত ও অপ্রতুল প্রতিনিধিত্বের সম্প্রদায়সমূহের পরিবারের জন্য তাদের সন্তানের ভবিষ্যৎ সম্পর্কে অবগত সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য থাকা অপরিহার্য করার জন্য গভর্নর হোকলকে অনেক ধন্যবাদ।"

যেসব হাই স্কুল এবং স্কুল জেলায় বর্তমানে শিক্ষার্থীদের সরকার বিদ্যমান নেই সেখানে তা স্থাপন করা আবশ্যিক করে **বিধিমালা (S.1732/A.6091)** শিক্ষা আইনকে সংশোধন করে। জেলাব্যাপী বা স্কুলের ভবনে কোনও পিয়ার নির্বাচিত শিক্ষার্থীদের সরকার নেই এমন নবম থেকে গ্রেড 12 পর্যন্ত হাই স্কুল শিক্ষার্থীদের সেবাদানকারী শিক্ষা বোর্ড বা প্রত্যেক স্কুল জেলার ট্রাস্টিবোর্ডের জন্য একটি শিক্ষার্থীদের সরকার ব্যবস্থা স্থাপন করা আবশ্যিক।

স্টেটের সিনেটর শেলি মায়ার বলেন, "শিক্ষার্থীদের সরকারে অংশগ্রহণ হলো তরুণদের জন্য প্রতিনিধিত্বের গণতন্ত্রের অভিজ্ঞতা গ্রহণ ও মূল্যে শেখার একটি সরাসরি, হাতে-কলমের উপায়। আমি খুশি যে নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক হাই স্কুল শিক্ষার্থীর শিক্ষার্থীদের সরকারে অংশগ্রহণ করার এবং তাদের ভোট যে গুরুত্বপূর্ণ, এবং আমাদের গণতন্ত্রে সরাসরি অংশগ্রহণ করার জন্য তাদের অধিকার ও কর্তব্য রয়েছে তা শেখার সুযোগ থাকবে। এই বিধিমালায় অংশীদারিত্বের জন্য আমি আমার সহকর্মী অ্যাসেম্বলিম্যান স্টিভ ওটিসকে, এবং এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন ওটিস বলেন, "গণতন্ত্র কীভাবে কাজ করে তার উপলব্ধি জোরদার করার পন্থা অনুসন্ধান করা আমাদের জন্য এখন অন্য যেকোনও সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। গণতন্ত্র শুধু সরকারের একটি ধরন ওই, বরং এটির জন্য আলোচনা, সহযোগিতা, সমঝোতার দক্ষতা, এবং মনযোগসহকারে শোনা এবং অন্যদের মতামতকে সম্মান জানাতে শেখার আবশ্যিকতা রয়েছে। গুরুত্বপূর্ণ এইসব পৌরনীতির জ্ঞান যাতে পুরো স্টেটের সকল হাই স্কুল শিক্ষার্থীর জন্য উপলভ্য হয় তা নিশ্চিত করতে সিনেটর মায়ার এবং আমি এই বিধিমালাটি স্পন্সর করেছি। এইসব নীতিমালার প্রতি তার দৃঢ় প্রতিশ্রুতি এবং আজকে স্বাক্ষর করা উভয় বিলের অনুমোদনের মাধ্যমে সমতা ও সুযোগ জোরদার করা এবং শিক্ষার অর্থায়নে তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমরা আরেকবার গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের (New York State Education Department) কমিশনার বেটি এ. রোজা বলেন, "শিক্ষার্থীদের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করে এবং বৈচিত্র্যময় দক্ষতার পালন করে এমন সুযোগ এবং কার্যক্রমের লভ্যতা পরিপূর্ণ ব্যক্তি তৈরি করে যারা তাদের সম্প্রদায়ের

কর্মকাণ্ডে নিযুক্ত হওয়ার এবং অবগত, নাগরিকমনা নাগরিক হওয়ার সম্ভাবনা বেশি থাকে। বিভাগ এবং রিজেন্ট বোর্ড (Board of Regents) কৌতূহল এবং অব্যাহত প্রবৃদ্ধির আবেগের স্ফুলিঙ্গ জ্বালাতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং এই ধরনের কর্মসূচি সম্প্রসারিত করার মাধ্যমে আমরা আগামী প্রজন্মের জন্য একটি সারা জীবনের শিক্ষা যাত্রার পথ তৈরি করে দিতে পারি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418